

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭২

আগরতলা, ১২ মার্চ, ২০১৮।

হিরণ্ময় চক্রবর্তীর প্রয়াণে
মুখ্যমন্ত্রীর শোক জ্ঞাপন

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যের প্রাক্তন যুগ্ম মুখ্য নির্বাচন আধিকারিক, বিশিষ্ট লেখক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিরণ্ময় চক্রবর্তীর প্রয়াণে তাঁর প্রতি আন্তরিক শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, যুগ্ম মুখ্য নির্বাচন আধিকারিক হিসেবে রাজ্যে বিভিন্ন স্তরের নির্বাচন পরিচালনায় তিনি দক্ষতা ও সাফল্যের নিদর্শন রেখে গেছেন। শোকবার্তায় তিনি প্রয়াত হিরণ্ময় চক্রবর্তীর শোক-সন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতিও আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেছেন।
